

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৯৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুক্তাদী যখন ইমামের সাথে একাকী সালাত আদায় করবে, তখন তিনি কোথায় দাঁড়াবে তার বিবরণ

ذِكْنُ الْمَوْضِعِ الَّذِي يَقِفُ فِيهِ الْمَأْمُومُ إِذَا كَانَ وَحْدَهُ مِنَ الْإِمَام فِي صَلَاتِهِ

আরবী

2193 _ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ إِبْرَاهِيمَ مَوْلَى ثَقِيفٍ قَالَ: حَدَّثَنَا أَبُو الْأَشْعَثِ قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ عُلَيَّةَ عَنْ أَيُّوبَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنْ أَبِيهِ قَالَ: قَالَ ابْنُ عَبَّاسٍ: بِتُ عِنْدَ خَالَتِي مَيْمُونَةَ فَقَامَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصلِّي فَقُمتُ ابْنُ عَبَّاسٍ: بِتُ عِنْدَ خَالَتِي مَيْمُونَةَ فَقَامَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصلِّي فَقُمتُ أَصلِي فَقُمتُ عَنْ يَسارِهِ فَأَخَذَ بِرَأْسِي فَأَقَامَنِي عن يمينه.

الراوي: سَعِيد بْن جُبَيْرٍ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2193 | خلاصة حكم المحدث: صحيح _ ((الإرواء)) (540).

বাংলা

২১৯৩. আব্দুল্লাহ বিন আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি একরাতে আমার খালা মাইমূনা রাদিয়াল্লাহু আনহা (নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের স্ত্রী) এর বাড়িতে রাত্রি যাপন করি। অতঃপর রাতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রাতে সালাতে দাঁড়ান, ফলে আমিও সালাতে দাঁড়াই। আমি (ভুল করে) তাঁর বাম পাশে দাঁড়াই। ফলে তিনি আমার মাথা ধরেন এবং আমাকে তাঁর ডান পাশে দাঁড় করান।"[1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৬৯৯; বাগাবী, শারহুস সুন্নাহ: ৮২৬; নাসাঈ: ২/৮৭; আবূ দাউদ: ৬১১; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৩০৮; সহীহ মুসলিম: ৭৬৩; আবূ আওয়ানা: ২/৭৬; সুনান বাইহাকী: ৩/৯৯; তিরমিযী: ২৩২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন



আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৬৮৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন